

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বোরহানউদ্দিন, ভোলা।
(borhanuddin.bhola.gov.bd)

অফিস আদেশ

যেহেতু আপামি ০২-০২-২০১৫ খ্রি. তারিখ থেকে অনূষ্ঠিতবা-২০১৫ সালের এসএসসি, দাখিল, এসএসসি (ভোকেশনাল), দাখিল (ভোকেশনাল) পরীক্ষা (ক) বোরহানউদ্দিন মাধ্যমিক বিদ্যালয় (খ) কুতুবা মাধ্যমিক বিদ্যালয় (গ) বোরহানউদ্দিন বালিকা মাধ্যমিক বিদ্যালয় (ঘ) বোরহানউদ্দিন রহমানিয়া মহিলা আলিম মাদ্রাসা (ঙ) বোরহানউদ্দিন ইসলামিয়া আলিম মাদ্রাসা (চ) বোরহানউদ্দিন কমিল মাদ্রাসা, বোরহানউদ্দিন, ভোলা ডেপু/কেন্দ্রে অনূষ্ঠিত হবে।

এবং যেহেতু পরীক্ষা চলাকালীন উক্ত কেন্দ্রে অব্যক্তি জনসাধারণ, আশ-পাশে শব্দ বর্ধক যন্ত্র ব্যবহার বা ফটোকপিয়ার মেশিনের অবৈধ ব্যবহারের মাধ্যমে পরীক্ষায় বিঘ্ন সৃষ্টি করা এবং আইন-শৃঙ্খলা পরিস্থিতির অবনতি ঘটানোর আশংকা রয়েছে;

এবং যেহেতু উক্ত অবস্থা আত প্রতিরোধ এবং দ্রুত পরিষ্কার বাঞ্ছনীয় বিবেচনা করে ১৮৯৮ সালের ফৌজদারি কার্যবিধির ১৪৪ ধারা বলবৎ করা আবশ্যিক;

সেহেতু আমি মোঃ আলমগীর কবির, উপজেলা নির্বাহী অফিসার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট, বোরহানউদ্দিন, ভোলা ফৌজদারি কার্যবিধিমাতে আমার উপর অর্পিত ক্ষমতাবলে উক্ত কেন্দ্রের ২০০ গজের মধ্যে শুধুমাত্র পরীক্ষা চলাকালীন উক্ত আইনের ১৪৪ ধারা জারি করলাম।

১৪৪ ধারা জারিকৃত সময়ে উক্ত এলাকায়:

১. বৈধ প্রবেশাধিকার ছাড়া সর্বসাধারণের প্রবেশ নিষিদ্ধ ঘোষণা করা হল।
২. পরীক্ষা হলের আশ-পাশে বই পুস্তক এবং খাতা কলমসহকারে অবস্থান ও ঘোরায়ুরি নিষিদ্ধ ঘোষণা করা হলো।
৩. পরীক্ষা কেন্দ্রের সন্নিহিত এলাকায় পাঁচ বা ততোধিক লোকের একত্রে জটলা, সমাবেশ, মিছিল, মিটিং, পিকেকেটিং কিংবা লাঠিসহ যে কোন ধরনের অস্ত্র বহন সম্পূর্ণ নিষিদ্ধ ঘোষণা করা হল।
৪. উক্ত এলাকায় শব্দ প্রবেশ করে এমন দূরত্বে মাইক বা কোনরূপ শব্দ বর্ধক যন্ত্র ব্যবহার সম্পূর্ণ নিষিদ্ধ করা হল
৫. এবং কেন্দ্রের সন্নিহিত সকল হাট-বাজার ও লোকালয়ে বাণিজ্যিক ফটোকপিয়ার মেশিনের ব্যক্তিগত বা বাণিজ্যিক ব্যবহার সম্পূর্ণ নিষিদ্ধ ঘোষণা করা হলো।

পরীক্ষার্থী এবং পরীক্ষা গ্রহণ কাজে নিয়োজিত কর্মকর্তা, কর্মচারী এবং আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যদের প্রতি এ আদেশ প্রযোজ্য হবে না।

২/১
(মোঃ আলমগীর কবির)
উপজেলা নির্বাহী অফিসার
ও
নির্বাহী ম্যাজিস্ট্রেট
বোরহানউদ্দিন, ভোলা।

স্মারক নং-৩৭.১০.০৯২১.০০০.০০.০০১.১৫-

৪৭ (১)

তারিখ : ১৯ মাঘ ১৪২১ বঙ্গাব্দ
০১ ফেব্রুয়ারি ২০১৫ খ্রি.

সদয় অবগতি/কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো।

১. জেলা প্রশাসক, ভোলা।
২. অফিসার ইন-চার্জ, বোরহানউদ্দিন থানা, ভোলা।
৩. কেন্দ্র সচিব, বোরহানউদ্দিন, ভোলা।
তাকে উক্ত আদেশটি মাইক যোগে ব্যাপক প্রচারের ব্যবস্থা করতে অনুরোধ করা হলো।
৪. দস্তুর নথি।

০১/০২/১৫
উপজেলা নির্বাহী অফিসার
বোরহানউদ্দিন, ভোলা।

২/১
২০